

জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবস উপলক্ষ্যে মাননীয় শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রীর সংবাদ  
সম্মেলনের বক্তৃতা।

পরম করুণাময় মহান আল্লাহর নামে শুরু করছি।

প্রিয় সাংবাদিক বন্ধুরা, আসসালামু আলাইকুম, গ্রীষ্মের এই আশুন ঝরা দুপুরে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে আপনাদের স্বাগত জানাচ্ছি।

জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে দুটি গুরুত্বপূর্ণ দিবসের উপলক্ষে আমার মন্ত্রণালয়ের উদ্যোগে গৃহিত কর্মসূচি সম্পর্কে আপনাদের অবহিত করার জন্য আমরা আপনাদের আমন্ত্রণ জানিয়েছি।

মহান মে দিবস সম্পর্কে আপনাদের সকলেই জানেন মে দিবসের আগেই আরো একটি দিবস আমরা প্রথমবারের মতো জাতীয়ভাবে পালনের উদ্যোগ নিয়েছি। “নিরাপদ কর্মপরিবেশ, সমৃদ্ধির পথে বাংলাদেশ” প্রতিপাদ্যকে সামনে রেখে প্রথম বারের মতো আগামী ২৮ এপ্রিল জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবস পালন করতে যাচ্ছি।

আপনারা জানেন, কলকারকানায় উৎপাদন বৃদ্ধির জন্য প্রথম প্রয়োজন শিল্প খাতের নিরাপদ এবং স্বাস্থ্য সম্মত কর্মপরিবেশ। জীবনের নিরাপত্তার অধিকার কর্মে নিয়োজিত সকল মানুষের মৌলিক অধিকারেরও বেশী কিছু।

এ লক্ষ্যকে সামনে রেখে সরকার ২০১৩ সালের জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি নীতিমালা প্রনয়ণ করেছে। বর্তমানে শ্রমিকবান্ধব সরকার শ্রমিকের পেশাগত স্বাস্থ্য ও সেফটি নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ। দিবসটি সফলভাবে পালনের জন্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

এ দিন সকাল ৭.৩০ মিনিটে এক বর্ণ্যাড্য র্যালীর আয়োজন করা হয়েছে। র্যালিটি ওসমানী মিলনায়তনের সামনে থেকে শুরু হয়ে শিক্ষা ভবনের পাশ দিয়ে জাতীয় প্রেসক্লাব গিয়ে শেষ হবে। র্যালিটিতে নেতৃত্ব দিবেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক এবং মন্ত্রণালয়ের সচিব জনাব মিকাইল শিপার। দিবসের মূল অনুষ্ঠান আলোচনা সভা অনুষ্ঠিত হবে ওসমানী স্মৃতি মিলনায়তনে বিকেল ৩.৩০ মিনিটে। গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আব্দুল হামিদ উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।